

ইস্টার্ন রিফাইনারী লিমিটেড

উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম।

স্মারকঃ ২৮.২৫.০০০০.২৪০.৪০.০০১.২৩/০০৬

তারিখঃ ২১ ডিসেম্বর, ২০২৩
৬ পৌষ, ১৪৩০

ইনোভেশন টিমের সমন্বয় সভার কার্যবিবরণী

বিগত ১৯/১২/২০২৩ তারিখ, রোজ মঙ্গলবার, বিকাল ০২:৪৫ ঘটিকায় ইনোভেশন টিমের সমন্বয় সভা ইনোভেশন অফিসার, জনাব মো. মোস্তাফিজার রহমান, ডিজিএম (পি এন্ড এস)-এর সভাপতিত্বে মহোদয়ের অফিসকক্ষে অনুষ্ঠিত হয় (সভার উপস্থিতি: সংলাগ-১)।

২.০ আলোচনাঃ

শুরুতে সভাপতি মহোদয় কমিটির উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানানোর পর সভায় ২০২৩-২৪ অর্থবছরের দ্বিতীয় ত্রৈমাসিক কার্যক্রমের অগ্রগতি নিয়ে আলোচনা করেন। তিনি জানান, ইতিমধ্যে চলমান উদ্ভাবনী কার্যক্রমের প্রায় ৮০% সম্পন্ন হয়েছে। আগামী মার্চের আগেই ইআরএল এর উদ্ভাবনী কার্যক্রমটি বাস্তবায়ন করা যাবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

সদস্য সচিব অবহিত করেন যে, ইআরএল-এর প্রণীত কর্মপরিকল্পনা অনুযায়ী চলতি ২০২২-২৩ অর্থবছরে “৪র্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ” বিষয়ক অন্তত ২ টি প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন করতে হবে। ইতিমধ্যে বিপিসি আয়োজিত এই বিষয়ক প্রশিক্ষণে ইআরএল অংশগ্রহণ করায় এই লক্ষ্যমাত্রার ৫০% সম্পন্ন হয়েছে।

কমিটির অপর সদস্য এএম (সিডিপি) মহোদয় জানান যে, কোম্পানির তথ্য বাতায়ন নিয়মিতভাবে হালনাগাদ করা হচ্ছে। তবে ডি-নথির ব্যবহার আরও বাড়ানোর জন্য উদ্যোগ নিতে হবে। ডি-নথির ব্যবহার বাড়ানোর জন্য এই বিষয়ক ট্রেনিংয়ের ব্যবস্থা করার জন্য ইতিমধ্যে এজিএম (ট্রেনিং) মহোদয়কে পত্র মারফত অনুরোধ করা হয়েছে। ইতিমধ্যে ৩ জন কর্মকর্তা-কর্মচারীকে ট্রেনিং দেওয়া হয়েছে। অংশগ্রহণকারীর সংখ্যা বিবেচনায় উক্ত পদক্ষেপ অপ্রতুল। অপর সদস্য এজিএম (কিউসি) মত প্রকাশ করেন যে, সার্বিকভাবে ডি-নথির ব্যবহার বাড়াতে প্রাথমিকভাবে নির্দিষ্ট কিছু বিষয়ে ডি-নথির ব্যবহারকে বাধ্যতামূলক করা যেতে পারে।

সভাপতি মহোদয় বলেন, ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন এবং সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে আগামী ২০ ডিসেম্বর, ২০২৩ তারিখে বিপিসি কর্তৃক অনুষ্ঠিতব্য সভায় অংশগ্রহণের জন্য কমিটির নির্বাচিত সদস্যবৃন্দকে দিক নির্দেশনা প্রদান করেন।

৩.০ সিদ্ধান্তঃ

সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- (ক) আগামী ২০ ডিসেম্বর ২০২৪ তারিখে বিপিসি'র সভায় কমিটির ২ জন সদস্য অংশগ্রহণ করবেন।
- (খ) ২০২৩-২৪ অর্থবছরের দ্বিতীয় ত্রৈমাসিক স্বনির্ধারিত মূল্যায়ন প্রতিবেদনটি যথাসময়ে দাখিলের উদ্যোগ নিতে হবে।
- (গ) দ্রুততম সুবিধাজনক সময়ে পরবর্তী সমন্বয় সভা আহ্বান করতে হবে। সভায় এজিএম (ট্রেনিং) এবং এজিএম (পার্সোন্যাল) মহোদয়গণকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করতে হবে।

অতঃপর সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ মোস্তাফিজার রহমান)

ডিজিএম (পি এন্ড এস)

ও

ইনোভেশন অফিসার, ইআরএল

বিতরণঃ

জনাব মমশাদ করিম আনোয়ার, ডিজিএম (ডেভলপমেন্ট) ও সদস্য, ইনোভেশন টিম
জনাব মোঃ শামিউল ইসলাম, এজিএম (কিউসি) ও সদস্য, ইনোভেশন টিম
জনাব মোঃ কামরুজ্জামান, ম্যানেজার (টেকনিক্যাল সার্ভিসেস) ও সদস্য, ইনোভেশন টিম
জনাব তানভীর মোহাম্মদ মহিউদ্দীন, ম্যানেজার (পে-রোল) ও সদস্য, ইনোভেশন টিম
জনাব সোহরাব হোসেন, ম্যানেজার (প্ল্যানিং) ও সদস্য সচিব, ইনোভেশন টিম
জনাব মোঃ বায়েজিদ ইসলাম, এএম (সিডিপি) ও সদস্য, ইনোভেশন টিম

অনুলিপিঃ

ব্যবস্থাপনা পরিচালক-সদয় অবগতির জন্য
ফাইল







ইস্টার্ন রিফাইনারী লিমিটেড

উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম।

(সংলাগ-১)

তারিখঃ ১৯/১২/২০২৩ খ্রি.

“ইনোভেশন টিম”-এর সমন্বয় সভার উপস্থিতি

| নাম | পদবি | স্বাক্ষর |
|---------------------------|--|---|
| মোঃ মোস্তাফিজার রহমান | ডিজিএম (পি এন্ড এস) ও ইনোভেশন অফিসার |  |
| মমশাদ করিম আনোয়ার | ডিজিএম (ডেভলপমেন্ট) ও সদস্য, ইনোভেশন টিম |  |
| মোঃ শামিউল ইসলাম | এজিএম (কিউসি) ও সদস্য, ইনোভেশন টিম |  19.12.23 |
| মোঃ কামরুজ্জামান | ম্যানেজার (টেকনিক্যাল সার্ভিসেস) ও সদস্য, ইনোভেশন টিম | অতিমিয়ান কাজে জাকায় আছে। |
| তানভীর মোহাম্মদ মহিউদ্দীন | ম্যানেজার (পে-রোল) ও সদস্য, ইনোভেশন টিম |  |
| সোহরাব হোসেন | ম্যানেজার (প্ল্যানিং) ও সদস্য-সচিব, ইনোভেশন টিম |  |
| মোঃ বায়েজিদ ইসলাম | এএম (সিডিপি) ও সদস্য, ইনোভেশন টিম |  |